

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৪২/২০১৭

তারিখঃ ২০/০৭/২০১৭খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস আদেশ নং-২৪০, তারিখঃ ১৮/৭/১৭ সকল সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ মুছা)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

অফিস আদেশ নং-২৪০

তারিখ-১৮/০৭/১৭

“ অফিস আদেশ ”

বিষয় : **আমদানিকৃত পণ্যচালানের যথাযথ পরীক্ষণ ও শুদ্ধায়ন নিশ্চিতকরণকল্পে পণ্যের যথাযথ ইনভয়েস (Invoice), পূর্ণাঙ্গ প্যাকিং লিষ্ট (Detailed Packing List) এবং Original Catalogue দাখিল।**

আধুনিক ঝুঁকি ব্যবস্থাপনা বাস্তবায়ন এবং কার্যকর পণ্য পরীক্ষণ নিশ্চিতকরণসহ ও যথাযথ শুদ্ধায়ন সম্পন্ন করতে অপরিহার্য ও কার্যকর অনুসঙ্গ হিসেবে পূর্ণাঙ্গ ইনভয়েস (Complete Invoice), Detailed Packing List ও Original Catalogue দাখিলকরণ অপরিহার্য।

- জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.৫৩.০৬.০০১.১৪/১২৭, তারিখ-১৩/০৩/২০১৬খ্রিঃ এর নির্দেশনার প্রেক্ষিতে এদপ্তরের অফিস আদেশ নং-২০৬ তারিখ-১৬/১০/২০১৬খ্রিঃ এর মাধ্যমে Assorted Goods (বাণিজ্যিক পণ্য) হিসেবে আমদানিকৃত পণ্য চালান কায়িক পরীক্ষার ক্ষেত্রে পণ্যের সুস্পষ্ট বর্ণনা, প্যাকেজ ভিত্তিক গ্রস ওজন, নীট ওজন, সংখ্যা প্রভৃতি উল্লেখপূর্বক Detailed Packing List দাখিলের আদেশ প্রদান করা হয়েছিল। অধিকাংশ আমদানিকারক এধরণের পণ্য চালানের সাথে Detailed Packing List দাখিল করলেও কিছু কিছু আমদানিকারক অদ্যাবধি উক্ত আদেশ অনুযায়ী Detailed Packing List দাখিল করছেন না। ফলে পণ্য পরীক্ষণে বিলম্বসহ শুদ্ধায়নে জটিলতা সৃষ্টি হচ্ছে।
- তাছাড়া টিভি, ফ্রিজ, ক্যামেরা, মোবাইল জাতীয় প্রযুক্তিগত পণ্যের ক্ষেত্রে দাখিলকৃত দলিলাদিতে ইনভয়েস, প্যাকিং লিষ্ট এ প্রায়শঃই পণ্যের Brand, Model, Art No., Specification (যে পণ্যের ক্ষেত্রে যেটি প্রযোজ্য) উল্লেখ থাকে না এবং Original Catalogue ও দাখিল করা হয় না। এর ফলেও ন্যূনতম মূল্য নির্ধারণসহ শুদ্ধায়নে প্রায়শঃই জটিলতা তৈরী হয়। এ ধরণের পণ্য চালানের ক্ষেত্রে Container এর সংখ্যা নির্বিশেষে পণ্যের Brand, Model, Art No., Specification নীট ওজন, গ্রস ওজন, সাইজ, Statistical Unit উল্লেখপূর্বক Complete Invoice এবং Detailed Packing List ও প্রযোজ্য ক্ষেত্রে পণ্যের Original Catalogue দাখিল করতে হবে। এছাড়া Asycuda World System-এ Bill of Entry দাখিলকালে পণ্যের ব্রান্ড, মডেল, Country of Origin, প্রযোজ্য ক্ষেত্রে সাইজ/ওজন প্রভৃতি যথাযথভাবে উল্লেখ করতে হবে।
- অনুচ্ছেদ-৩ এ বর্ণিত তথ্যাদি বিস্তারিত সন্নিবেশ করা হলে আমদানিকৃত পণ্য চালানের কায়িক পরীক্ষা ও শুদ্ধায়ন দ্রুত সম্পন্ন করা সম্ভব হবে।
- এমতাবস্থায়, বিষয়টির গুরুত্ব অনুধাবন করে অবিলম্বে এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।
- The Customs Act, 1969 এর Section-219B-এ প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত/-
(এ এফ এম আবদুল্লাহ খান)
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।
তারিখ-১৮/০৭/১৭

নথি নং-১৯/বিবিধ/যোগাযোগ/১৬-১৭/১৪৩৮() কাস